গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.০০৮.০৮.০০৩৩.১৮.১৭

তারিখ: ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **মহিলা বিষয়ক অধিদপ্তরের 'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায়** গত ৯ মার্চ, ২০২৫ তারিখ ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত আবেদন গ্রহণের প্রাথমিক সময়সীমা নির্ধারণ করা হলেও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণের ইউজার আইডি তৈরীর লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য সরবরাহকৃত ফরমেট অনুযায়ী সকল উপজেলা থেকে যথাসময়ে ও সঠিকভাবে না পাওয়া, বিশ্ব খাদ্য কর্মসূচির (WFP) সাইবার সিকিউরিটি মিশন টিম কর্তৃক ভিডব্লিউবি এমআইএস এর সাইবার সিকিউরিটি পর্যালোচনা, এমআইএস ম্যানুয়েলভিত্তিক টিউটিরিয়াল তৈরী এবং বিসিসি কর্তৃক ডাটা ব্যাকআপ প্রক্রিয়া সম্পন্নকরণ, রি-ক্যাপচা প্রক্রিয়া করা ইত্যাদি কারণে উক্ত তারিখে আবেদন গ্রহণ শুরু করা সম্ভব হয়নি। বর্তমানে ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচন নিম্নোক্ত সূচি অনুযায়ী বিশ্ব খাদ্য কর্মসূচির (WFP) সহযোগিতায় বাস্তবায়নের পুন: পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রে উপকারভোগী নির্বাচন এর সময়সূচি:

তারিখ	ধাপ/কাজ	দায়িত্ব	সহায়তাকারী	অগ্রগতি
৩ মার্চ ২০২৫	সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার ইউজার আইডি তৈরির প্রয়োজনীয় তথ্য ডব্লিউএফপি টেকনিক্যাল টিমকে প্রেরণ	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ	ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	সম্পন্ন
৪-৬ মার্চ ২০২৫	সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার ইউজার আইডি তৈরি সম্পন্ন করা	ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ	সম্পন্ন
০৯-১২ মার্চ ২০২৫	ভিডব্লিউবি এমআইএস সাইবার নিরাপত্তা পর্যালোচনা	ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ	
০৯-১৮ মার্চ ২০২৫	• বিসিসি কর্তৃক ডাটা ব্যাক-আপ প্রক্রিয়া সম্পন্নকরণ • ডাটা নিরাপত্তার জন্য রি-ক্যাপচা ক্রয় • এমআইএস ইউজার ম্যানুয়াল ও ভিডিও টিউটোরিয়াল তৈরি • অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড	ডব্লিউএফপি টেকনিক্যাল টিম ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
১৯-২৫ মার্চ ২০২৫	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার আওতাধীন সকল ইউজারদের আইডি তৈরি সম্পন্ন করা (ইউপি প্রশাসনিক কর্মকর্তা, ইউডিসি উদ্যোক্তা, তথ্য আপা সহকারী)	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	

০৬-২৬ এপ্রিল ২০২৫	সারাদেশে অনলাইনে আবেদন গ্রহণ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
২৭ এপ্রিল-১১ মে ২০২৫	যাচাই-বাছাইয়ান্তে ইউনিয়ন কমিটি কর্তৃক এমআইএস সিস্টেমে প্রাথমিক তালিকা প্রেরণ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
১২-১৮ মে ২০২৫	যাচাই-বাছাইয়ান্তে উপজেলা কমিটি কর্তৃক এমআইএস সিস্টেমে উপকারভোগীদের খসড়া তালিকা প্রস্তুত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
১৯-২৭ মে ২০২৫	গণজমায়েত, তালিকা উন্মুক্তকরণ, অভিযোগ নিষ্পত্তি অন্তে উপকারভোগীদের খসড়া তালিকা সংশোধন ও উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত তালিকা প্রণয়ন	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ ও ডব্লিউএফপি টেকনিক্যাল টিম	
২৮ মে-৩০ জুন, ২০২৫	উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগীদের কার্ড অনুমোদন, উপকারভোগীদের মধ্যে কার্ড বিতরণ এবং খাদ্য বিতরণ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)	ভিডব্লিউবি ইউনিট, ডিডব্লিউএ	

বর্ণিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতোমধ্যে উপকারভোগী নির্বাচন সংক্রান্ত এমআইএস ম্যানুয়েল, ভিডিও টিউটরিয়াল অধিদপ্তরের ওয়েবসাইটে, DWA অফিসার্স গ্রুপে এবং VWB গ্রুপে দেয়া হয়েছে। ম্যানুয়েল অনুসরণে ও কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম শুরুর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং পাশাপাশি নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১. সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ তাদের স্ব-স্ব আইডিতে (উপজেলার নাম.জেলার নাম) প্রবেশ করে তার আওতাধীন সকল ইউজারদের (ইউপি প্রশাসনিক কর্মকর্তা, ইউডিসি উদ্যোক্তা, তথ্য আপা সহকারী) আইডি তৈরীর কাজটি সম্পন্ন করবেন এবং ইউনিয়নভিত্তিক অনুমোদিত কার্ড সংখ্যা ইনপুট দিবেন। এ সংক্রান্ত ম্যানুয়েল ওয়েবসাইট এ দেয়া হয়েছে। বর্ণিত কাজগুলো সম্পন্ন করা ছাড়া উপকারভোগীদের আবেদন গ্রহণ সম্ভব হবে না।

২. নির্ধারিত ইউজার ব্যতীত কোনভাবেই অন্য কাউকে ইউজার হিসাবে অন্তর্ভুক্ত করা যাবেনা। ইউনিয়ন উদ্যোক্তাগণ (পুরুষ ও মহিলা) সিস্টেমে শুধুমাত্র আবেদন গ্রহণ করতে পারবেন। ইউনিয়ন উদ্যোক্তা ব্যতীত অফিস সহকারী বা অন্য কাউকে অন্তর্ভুক্ত করা যাবেনা।

৩. ওটিপি ব্যবস্থা চালু হলে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দেয়া নম্বরে ওটিপি যাবে যার মাধ্যমে কর্মসূচির এমআইএস এ লগ ইন করা যাবে। উপজেলা/জেলা ইউজার আইডি'র তত্ত্বাবধায়ক সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপপরিচালক। তার আইডি থেকে কোন প্রকার তথ্য আউট এর ঘটনা সংঘঠিত হলে এর জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। এ কারণে বর্ণিত বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

৪. ইউনিয়ন সচিবগণ (প্রশাসনিক কর্মকর্তা) সিস্টেমে আবেদন গ্রহণ করতে পারবেন না। তারা শুধুমাত্র উপকারভোগীদের প্রাথমিক তালিকা (ছক-২) তৈরী করতে পারবেন।

৫. সংশ্লিষ্ট জেলা/উপজেলা কার্যালয়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভার ছবি ও প্রচার প্রচারনার ভিডিও, মাইকিং এর ভিডিও/স্টিল ছবি সদর কার্যালয়ে প্রেরণ করবেন।

৬. উপকারভোগীদের আবেদন গ্রহণ থেকে শুর করে চূড়ান্ত নির্বাচন পর্যন্ত এমআইএস সংক্রান্ত যে কোন বিষয়ে জানার জন্য এই নম্বরে (০১৭৮৪০৬০৯৬২, ০১৭০৭৫২৪৩৭৭, ০১৭৮৩৭৯৩৯৯২) যোগাযোগ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-০৩-২০২৫
শারমিন শাহীন
উপ পরিচালক
০২-৯৩৩১২৭৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপপরিচালক (সকল) জেলা পর্যায়।
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.০০৮.০৮.০০৩৩.১৮.১৭/১ (২)

তারিখ: ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। ব্যাক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৫-০৩-২০২৫
শারমিন শাহীন
উপ পরিচালক